তারিখ ... 12 APR 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ...

# টুঙ্গিপাড়ায় স্কুলে হামলার ঘটনায় কাউন্সিলর গ্রেফতার

■ গোপালগঞ্জ প্রতিনিধি

গোপালগঞ্জের খান সাহেব শেখ মোশাররফ হোসেন স্কুল অ্যান্ড কলেজে হামলা ও ভাংচুর মামলায় টুঙ্গিপাড়া পৌরসভার ৫নং ওয়ার্ড কাউন্সিলর ও পৌর ছাত্রলীগের সভাপতি নুরুল ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ। গত রোববার রাতে তাকে গ্রেফতার করা হয়।

এদিকে নুরুল ইসলামকে গ্রেফতারের প্রতিবাদে গতকাল সোমবার টুঙ্গিপাড়ায় বিক্ষোভ ও এলাকাবাসীর সঙ্গে পুলিশের ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে। এ সময় বিক্ষুব্ধরা পুলিশের একটি গাড়ি ভাংচুর করেছে।

জানা গেছে, গত শনিবার সকালে লোকজন নিয়ে খান সাহেব শেখ মোশাররফ হোসেন স্কুল অ্যান্ড কলেজে হামলা ও ভাংচুর চালান নুরুল ইসলাম। এ ঘটনার পর রোববার থেকে ৭ দিন স্কুল বন্ধ ঘোষণা করে কর্তৃপক্ষ। এ ঘটনায় রোববার নুরুল ইসলামকে প্রধান আসামি করে স্কুলের প্রধান শিক্ষক আকরামুজ্জামান বাদী হয়ে ৫০ জনের বিরুদ্ধে টুঙ্গিপাড়া থানায় একটি মামলা দায়ের করেন। এই মামলাতেই তাকে গ্রেফতার করা হয়েছে।

বিষয়টি নিয়ে স্কুলের প্রধান শিক্ষক আকরামুজ্জামান বলেন, 'প্রধানমন্ত্রীর চাচা শিক্ষানুরাগী শেখ কবির হোসেন টুঙ্গিপাড়ায় তার বাবা খান সাহেব শেখ মোশাররফ হোসেনের নামে এই স্কুল প্রতিষ্ঠা করেন। অল্প সময়েই স্কুলটিকে তিনি ডিজিটালাইজেশন মাধ্যমে একটি আধুনিক শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত করেন। এসএসসি ও এইচএসসি পরীক্ষায় শতভাগ পাসের মধ্য দিয়ে স্কুল অ্যান্ড কলেজটি জেলার মধ্যে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানের আসন দখল করে নেয়। স্কুল ও কলেজ ম্যানেজিং কমিটির সভাপতি শেখ কবির হোসেনের বলিষ্ঠ নেতৃত্বে মেধাবী শিক্ষকমণ্ডলী, অভিভাবক ও শিক্ষার্থীদের ঐকান্তিক চেষ্টায় দিন দিন প্রতিষ্ঠানটি টুঙ্গিপাড়ায় জ্ঞানের আলো সম্প্রসারণে অগ্রণী ভূমিকা পালন করছে। কিন্তু শ্রেষ্ঠ এ শিক্ষা প্রতিষ্ঠানটি ধ্বংসে একটি অপশক্তি ষড়যন্ত্র করছে।'

টুঙ্গিপাড়া থানার এসআই মোজাহিদ হোসেন বিক্ষোভ ও ভাংচুরের ঘটনা স্বীকার করে জানান, বর্তমানে পরিস্থিতি পুলিশের নিয়ন্ত্রণে আছে।